

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
রমনা, ঢাকা।

স্মারক নং- ৪৩.২৬.০০০০.০০১.৩৫.৩৮৪.১৫-৬৪৭০

তারিখ: ২২/০৪/২৬

অফিস আদেশ

গণগ্রন্থাগার অধিদপ্তরের আওতাধীন 'জেলা সরকারি গণগ্রন্থাগার, নীলফামারী' এর নিরাপত্তা প্রহরী জনাব মোঃ ইমদাদুল হক এর বিরুদ্ধে সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, সৈয়দপুর, আমলী আদালত, নীলফামারীতে পেনাল কোড ৩০২/২০৩/৩৪ ধারার জিআর ৩২০/২০২৪ নম্বর ফৌজদারী মামলার ১৩৪ নম্বর এজাহারভুক্ত আসামী হওয়ায় তাঁকে গত ২২/১২/২০২৫ তারিখ পুলিশ কর্তৃক গ্রেপ্তার করা হয়। তিনি গত ২২/১২/২০২৫ তারিখ থেকে ০৮/০২/২০২৬ তারিখ পর্যন্ত জেল হাজতে ছিলেন।

০২। যেহেতু জনাব মোঃ ইমদাদুল হক, নিরাপত্তা প্রহরী, 'জেলা সরকারি গণগ্রন্থাগার, নীলফামারী' গত ২২/১২/২০২৫ তারিখ থেকে ০৮/০২/২০২৬ তারিখ পর্যন্ত জেল হাজতে থাকায় সরকারি চাকুরি আইন ২০১৮ এর ৩৯ (২) মোতাবেক তার গ্রেফতারের তারিখ ২২.১২.২০২৫ খ্রি: তারিখ থেকে তাকে চাকুরি থেকে সাময়িক বরখাস্ত করা হলো।

শর্তসমূহঃ

- ক) সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি বিধি মোতাবেক খোরপোষভাতা প্রাপ্য হবেন।
খ) সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি কর্মস্থল ত্যাগ করতে পারবেন না।



(মনীষ চাকমা)

মহাপরিচালক


ফোন: ০২-২২২২৯৪৫৮

তারিখ: ২২/০৪/২৬

স্মারক নং- ৪৩.২৬.০০০০.০০১.৩৫.৩৮৪.১৫-৬৪৭০ (৬)

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রংপুর।
- ২। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, নীলফামারী।
- ৩। লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার, নীলফামারী।
- ৪। জনাব মোঃ ইমদাদুল হক, নিরাপত্তা প্রহরী, জেলা সরকারি গণগ্রন্থাগার, নীলফামারী।
- ৫। পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, গণগ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
- ৬। অফিস কপি।


(মোঃ হারুনুর রশীদ)
সহকারী পরিচালক
(প্রশাসন-২)